



বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা-১ শাখা



২০২১-২০২২ অর্থ বছরে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ইনোভেশন টিমের ০৮ জুলাই ২০২১ তারিখ অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন সিকদার মহাব্যবস্থাপক
সভার তারিখ	০৮ জুলাই ২০২১ বৃহস্পতিবার
সভার সময়	সন্ধ্যা ০৭:৩০ মিনিটি
স্থান	ভার্চুয়ালি জুম এপের মাধ্যমে
উপস্থিতি	...

০২। আলোচনা।

২.১। সভার প্রথমেই বাপক ইনোভেশন টিমের সভাপতি, মহাব্যবস্থাপক পরিকল্পনা জনাব জাকির হোসেন সিকদার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় তিনি বাপক ইনোভেশন টিমের নবগঠিত কমিটির সকল সদস্যসহ উপস্থিত বাপক-এর সকল কর্মকর্তাকে স্বাগত জানান। সভার আলোচ্য বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতির সম্মতিক্রমে বাপক এর ইনোভেশন টিম এর সদস্য জনাব মো: সাজেদুল কবির, উপব্যবস্থাপক, পরিকল্পনা ২০২০-২০২১ অর্থবছরে বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক বাৎসরিক অর্জন সম্পর্কে সভাকে অবগত করেন। সেসাথে ২০২১-২০২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা নিয়ে সংক্ষিপ্ত আলোকপাত করেন। সভায় সভাপতি মহোদয় ইনোভেশন টিমের কাজ সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যসহ সংক্ষিপ্তভাবে সকলকে অবহিত করেন।

২.২। অতপর ২০২১-২০২২ অর্থ বছরে বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বাস্তবায়িতব্য প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়াগুলো নিয়ে একে একে বাপকের আইডিয়া প্রদানকারী সকল কর্মকর্তা তাদের আইডিয়ার বিস্তারিত উপস্থাপনাসহ আলোচনা হয়।

০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়;

৩.১। বাপক প্রশাসনিক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক আবশ্যিকভাবে আগামী ১৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়িতব্য উদ্ভাবনী আইডিয়া নির্বাচন বিষয়ে বাপকের অর্থ ও হিসাব, নিরীক্ষা, এনএইচটিআই-এর অধ্যক্ষ, প্রশাসন শাখা ও অন্যান্য অভিজ্ঞ কর্মকর্তাদের নিয়ে আগামী ১১ জুলাই ২০২১ তারিখ রবিবার বিকাল ০৩:০০ টায় জরুরীভাবে সভা আয়োজন করতে হবে।

৩.২। প্রাপ্ত কয়েকটি আইডিয়া নিয়ে অধিক আলোচনা ও তথ্য উপাত্ত সংগ্রহের জন্য সভাপতি মহোদয় বাপক আইটি শাখার ব্যবস্থাপক জনাব মুহাম্মদ এহসানুল কবীর ও রেস্তোরাঁ ব্যবস্থাপক, পর্যটন রুফটপ রেস্তোরাঁ, জনাব মো: ফয়জুল কবির খানকে দায়িত্ব প্রদান করেন এবং তাদের প্রাপ্ত তথ্যাবলী আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় করোনা মহামারীর সময়ে সকলকে স্বাস্থ্যবিধি মেনে সাবধানে চলাচল করা, সেসাথে সকলের সু স্বাস্থ্য কামনা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ জাকির হোসেন সিকদার
মহাব্যবস্থাপক

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৬.০০৯.১৮.২০৫

তারিখ: ২ শ্রাবণ ১৪২৮
১৭ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) অধ্যক্ষ (এনএইচটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ৭) ব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) ব্যবস্থাপক (প্রশিক্ষণ ও পরিসংখ্যান), পরিকল্পনা-২ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) ব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১১) ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১২) ব্যবস্থাপক, বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৩) ব্যবস্থাপক, বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৪) ব্যবস্থাপক, অডিট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৫) নির্বাহী প্রকৌশলী (সিভিল)-২, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৬) ইউনিট ব্যবস্থাপক, পর্যটন মোটেল রাজশাহী, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৭) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৮) উর্দ্ধতন প্রশিক্ষণ কর্মকর্তা, এফ এন্ড বি প্রডাকশন শাখা, এনএইচটিআই, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৯) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২০) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২১) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২২) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৩) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৪) সহকারী নির্বাহী কর্মকর্তা, আইসিটি শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২৫) সহকারী নির্বাহী কর্মকর্তা, প্রশাসন শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন



মোঃ সাজেদুল কবির
উপব্যবস্থাপক